# মির্জাগঞ্জ উপজেলা পরিষদের (৩৬তম সভা) এপ্রিল ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ খান মোঃ আবু বকর সিদ্দিকী
চেয়ারম্যান
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

সময় ঃ বেলা : ১১.০০ ঘটিকা।

তারিখ ঃ ২৮-০৪-২০২২খ্রিঃ

স্থান ঃ উপজেলা পরিষদ অডিটরিয়াম।

উপস্থিত সদস্যবৃন্দ "পরিশিষ্ট-ক"

অনুপস্থিত সদস্যবৃন্দ "পরিশিষ্ট-খ"

সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং উহা আংশিক সংশোধন পূর্বক সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। অবশেষে বিভাগওয়ারী বিস্তারিত আলোচনার পর নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়

| ক্র:নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) গত ফেব্রুয়ারী/২২ মাসের মাসিক সভায় প্রকল্প অনুমোদন হয় বর্তমানে দরপত্র আহবান প্রক্রিয়াধীন রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন তহবিল (এডিপি) এর দরপত্র উপজেলা প্রকৌশলীকে বিধি মোতাবেক আহবানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ ও উপজেলা প্রকৌশলী, মির্জাগঞ্জ |
| | | সভায় তিনি আরও বলেন যে, উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন মেরামত করা প্রয়োজন। ভবনগুলোর বিভিন্ন জায়গা দিয়ে প্লাস্টার, দরজা জানালা নষ্ট হওয়ায় ব্যবহার অনুপযোগি হওয়ার উপক্রম। ভবনগুলোর রং করাও প্রয়োজন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা বাসাবাড়ী রক্ষনাবেক্ষন ও মেরামত খাতে রাজস্ব তহবিলের মাধ্যমে উপজেলা পরিষদের প্রশাসনিক ভবন মেরামত করনের নিমিত্তে আগামী সভার পূর্বে প্রাক্কলন প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | সভায় চেয়ারম্যান দেউলী সুবিদখালী ইউনিয়ন পরিষদ জানান যে, সুবিদখালী বাজারের বিভিন্ন যায়গায় খাতের সৃষ্টি হয়েছে। বিভিন্ন অংশ সাধারন মানুষের সুবিধার জন্য ঘাটলা নির্মাণ প্রয়োজন। এমতাবস্থায় সুবিদখালী বাজার উন্নয়ন খাতের অংশ দিয়ে বাজারের বিভিন্ন উন্নয়ন মুলক কাজ করার প্রস্তাবে উপজেলা প্রকৌশলী জরুরী ভিত্তিতে তিনটি প্রাক্কলন প্রস্তুত করেন। জরুরী ভিত্তিতে কাজটি কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য প্রস্তাব করেন।<br>নিম্নে প্রকল্পের নামসহ প্রাক্কলিত মুল্য উল্লেখ্য করা হলো<br>১। (ক) সুবিদখালী ধান বাজার মেরামত (খ) সুবিদখালী মাল্টিপারপোস সেড মেরামত (গ) সুবিদখালী বাজারের ২নং সব্জি সেড মেরামত। প্রাক্কলিত মুল্য ঃ ৬,৪৭,৪১০/-<br>২। (ক) সুবিদখালী বাজার আরএইচডি-সিকদার ঘাট (সিকদার রোড) সিসি করন (খ) সুবিদখালী বাজারের বাইতুল কেবলা জামে মসজিদের পূর্ব পার্শ্ব হইতে ধান বাজার ঘাটলা পর্যন্ত সিসি করন। প্রাক্কলিত মুল্যঃ ৫,০০,০০০/-<br>৩। (ক) সুবিদখালী মাছ বাজারের পূর্ব পার্শ্বে শ্রীমন্ত নদীতে আরসিসি ঘাটলা নির্মাণ (খ) সুবিদখালী ধান বাজারের পিছনে শ্রীমন্ত নদীতে আরসিসি ঘাটলা নির্মাণ। প্রাক্কলিত মুল্য ঃ ৫,০০,০০০/-<br>৪। সুবিদখালী বাজার মাল্টিপারপোস সেড (মিডেল) এবং ওপেন স্পেস মেরামত। প্রাক্কলিত মুল্য ঃ ৪,৯৯,৯৯৯/- | বিস্তারিত আলোচনান্তে উল্লেখিত প্রকল্পগুলো সুবিদখালী বাজারের উন্নয়ন খাতের নির্ধারিত অর্থ দ্বারা জরুরী ভিত্তিতে কোটেশনের মাধ্যমে বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা সভায় জানান যে, এ বছরের রবি মৌসুমের চাষাবাদ খুবই ভালো। বড় ধরনের দুর্যোগ দেখা না দিলে কৃষক ভালো ফসল উৎপাদন করতে পারবে বলে আশা করা যায়। | বিস্তারিত আলোচনান্তে রবি মৌসুমে ভাল কৃষক যাতে ভালো ফসল পেতে পারে তার সেদিকে সতর্ক দৃষ্টি রাখার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে সভায় অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, মির্জাগঞ্জ। |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণী সম্পদক কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছুই জানা যায়নি। | উপজেলা প্রানীয় সম্পদ কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ করা হরো। | উপজেলা প্রানী সম্পদ কর্মকর্তা |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | ------------ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা |
| ০৬ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানে যথারীতি ক্লাস চালু আছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | ---------------- | উপজেলা শিক্ষা অফিসার, মির্জাগঞ্জ। |
| ০৭ | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, অত্র উপজেলায় আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (UITRCE) Phase-II শীর্ষক প্রকল্পের আওতায় ৪তলা বিশিষ্ট নির্মানাধীন ভবনের স্থলে বিদ্যুতের পোল থাকায় ভবন নির্মানে প্রতিবন্ধকতা সৃষ্টি হওয়ায় উক্ত পোল অপসরনের জন্য পল্লী বিদ্যুৎ সমিতি মির্জাগঞ্জ সাব জোনাল অফিস থেকে একটি পত্রে ৬৩৫৮১/- তেষট্টি হাজার পাচশত একাশি) টাকা জমা প্রদানের নির্দেশনা। উক্ত টাকা উপজেলা রাজস্ব তহবিলের মাধ্যমে পরিশোধের জন্য সভায় প্রস্তাব করেন। | উল্লেখিত ভবন নির্মান স্থলের বিদ্যুতের পোল অপসরনের জন্য নির্ধারিত অর্থ উপজেলা রাজস্ব তহবিলের থেকে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার মির্জাগঞ্জ। |
| ০৮ | উপজেলা প: প: বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছুই জানা যায়নি। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | উপজেলা প: প: কর্মকর্তা, মির্জাগঞ্জ। |
| ০৯ | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছুই জানা যায়নি। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, |
| ১০ | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, দাপ্তরিক সকল প্রকার প্রশিক্ষনসহ ঋণ কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। ঋণের আদায় হার সন্তোষজনক। | --------- | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, |
| ১১ | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, অত্র দপ্তরের সকল কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। ভাতা ভোগীদের কোন ধরনের সমস্যা থাকলে কোন ভাতাভোগী তার নগদ হিসাবে টাকা পেতে সমস্যা হলে উপজেলা সমাজসেবা অফিসে যোগাযোগ করে সেবা গ্রহন করার জন্য অনুরোধ করা হলো। | --------- | উপজেলা সমাজসেবা অফিসার, মির্জাগঞ্জ। |
| ১২ | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | --------- | উপজেলা সমবায় অফিসার, |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৩ | উপজেলা মহিলা ও শিশু বিষয়ক বিভাগ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছুই জানা যায়নি। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য সভায় অনুরোধ করা হয়। | উপজেলা মহিলাবিষয়ক কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ১৪ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | সভায় উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ভাবে চলছে। | ---------- | উপজেলা প্র. বাস্তবায়ন কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ১৫ | উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তাকে মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, |
| ১৬ | উপজেলা জনস্বাস্থ্য বিভাগ | সহকারী প্রকৌশলী, (জনস্বাস্থ্য) সভায় জানান যে, দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ও সুন্দর ভাবে চলছে। | | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য |
| ১৭ | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছুই জানা যায়নি। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রককে মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, |
| ১৮ | উপজেলা বন বিভাগ | উপজেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা (বন বিভাগ) সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছুই জানা যায়নি। | উপজেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা (বন বিভাগ) কে মাসিক সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয় | উপজেলা ভারপ্রাপ্ত কর্মকর্তা (বন বিভাগ) |
| ১৯ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন বিভাগ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা সভায় জানান তার দাপ্তরিক ঋণ কার্যক্রম সুষ্ঠ ভাবে চলমান রয়েছে। | ---------- | উপজেলা পল্লী দারিদ্র বিমোচনা কর্মকর্তা, |
| ২০ | পল্লী সঞ্চয় ব্যাংক(আমার বাড়ী আমার খামার) বিভাগ | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার) শাখা ব্যবস্থাপক সভায় অনুপস্থিত থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছুই জানা যায়নি। | উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার) শাখা ব্যবস্থাপককে সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হয়। | শাখা ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক (আমার বাড়ী আমার খামার) |
| ২১ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) সভায় জানান যে, তার দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠ ভাবে চলছে। | ---------- | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) |
| ২২ | বিবিধ (ক) | সভায় উপজেলা নির্বাহী অফিসার জানান যে, নতুন উপজেলা পরিষদ কমপ্লেক্স ভবনের উপজেলা পরিষদ চেয়ারম্যানের কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও হলরুমের ইনডোর ডেকারেশন করা প্রয়োজন। কিন্তু নতুন ভবনের সাথে উক্ত ডেকারেশন করা প্রাক্কলনে অন্তর্ভুক্ত নাই। তাই রাজস্ব তহবিলের মাধ্যমে উক্ত ডেকারেশন নিমিত্ত প্রশাসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রাক্কলন প্রেরন করা প্রয়োজন। এ বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়।<br><br>মির্জাগঞ্জ উপজেলা পরিষদের ১৭টি দপ্তরের স্থায়ী কমিটির সভায় আদৌ হচ্ছেনা। বার বার দপ্তর প্রধান ও ভাইস চেয়ারম্যানদ্বয়কে বলা সত্বেও উক্ত কমিটির সভায় অনুষ্ঠিত হয়। বিধায় ১৭টি স্থায়ী কমিটির সদস্য সচিবদের এহেন দায়িত্ব অবহেলার জন্য স্বশ্ব দপ্তরের উর্দ্ধতন কর্তৃপক্ষের নিকট পত্র প্রেরন করা যেতে পারে। | বিস্তারিত আলোচনান্তে নতুন উপজেলা কমপ্লেক্স ভবনের উপজেলা পরিষদ চেয়ারম্যান কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও হল রুমের ইনডোর ডেকারেশনের জন্য রাজস্ব তহবিলের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে প্রাশসনিক অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগে প্রাক্কলন প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বিস্তারিত আলোচনান্তে স্থায়ী কমিটির সভা আহবান না করার জন্য ১৭টি স্থায়ী কমিটির সদস্য সচিবের দায়িত্ব অবহেলার জন্য যথাযথ কর্তৃকপক্ষের নিকট | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, উপজেলা ও নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | সভায় উপজেলা নির্বাহী অফিসার বলেন যে, উপজেলা পরিষদের ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হল নির্মানের কাজ প্রায়ই সম্পন্ন হয়েছে। উক্ত অডিটরিয়ামটি উদ্বোধনের জন্য নামকরন প্রয়োজন। উক্ত ভবনের অসমাপ্ত কাজ সমাপ্ত করন পূর্বক একটি প্রতিবেদন স্থানীয় সরকার বিভাগে প্রেরনের বাধ্যবধকতা রয়েছে। এমতাবস্থায় উপজেলা প্রকৌশলী কর্তৃক প্রাক্কলন অনুযায়ী ভবন সম্পন্ন হয়েছে কিনা মর্মে প্রতিবেদন আবশ্যক। এক্ষেত্রে স্থানীয় সরকার বিভাগের স্মারক নং ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৩.২১-১৭০, তারিখঃ ২২-০৩-২০২২ইং পত্র অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন। কারন ভবন নির্মাণের অবশিষ্ট বরাদ্দ ৯.২৬ লক্ষ টাকা উত্তোলন করার নির্দেশনা রয়েছে। | প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। বিস্তারিত আলোচনান্তে ৫০০ আসন বিশিষ্ট অডিটরিয়াম কাম মাল্টিপারপাস হলটি শহীদ আব্দুর রব সেরনিয়াবাদ এর নামে নাম করন এবং অবশিষ্ট অর্থ উত্তোলন ও কাজ সমাপ্তির প্রতিবেদনসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করার জন্য উপজেলা প্রকৌশলীকে সভায় অনুরোধ করা হয়। | |
| | | সভায় তিনি আরও বলেন যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রদত্ত বরাদ্দের প্রেক্ষিতে উপজেলা পরিষদের অভ্যন্তরে আনসার ব্যারাক নির্মাণ হচ্ছে। উক্ত ব্যারাক নির্মাণ কাজ বর্তমানে ধীর গতিতে চলছে। এটি জুন মাসের মধ্যেই সমাপ্ত করার বাধ্যবাধকতা রয়েছে। এ বিষয় উপজেলা প্রকৌশলীকে তড়িৎ ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হয়। আনসার সদস্যদের যৌক্তিক চাহিদা এবং প্রয়োজনের প্রেক্ষিতে উক্ত ব্যারাক নির্মাণের ডিজাইন একটু পরিবর্তন আনা যেতে পারে। যেমন তিনটি বাথরুমের একটি ভিতরে অপর দুটি বারান্দায় দেয়া এবং অস্ত্রাগার এর সামনের দরজাটি বন্ধ করে পার্শ্বে একটি দরজা এবং ভিতরে আরেকটি দরজা দেয়া যেতে পারে। এতে অস্ত্রাগারটি সুরক্ষিত থাকবে। সার্বিক ডিজাইনে কোন সংযোজন বিয়োজন হচ্ছেনা। শুধুমাত্র রি-অ্যারেঞ্জ/পুর্নবিন্যাস করা যেতে পারে। | উপজেলা পরিষদের আনসার ব্যারাকের উল্লেখিত ডিজাইন পরিবর্তন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | সভায় তিনি আরও বলেন যে, পুরাতন অডিটরিয়াম এর মঞ্চের পিছনে একটা স্থায়ী ব্যানার বোর্ড করা প্রয়োজন। অডিটরিয়াম সংলগ্ন বাথরুমের কল, পানির লাইন মেরামত করতে হবে। পার্শ্বের লাইব্রেরী রুমটি ব্যবহার যোগ্য করতে হলে কিছু সংস্কার প্রয়োজন। যেমনঃ- রং করন চেয়ার টেবিল ক্রয়। ইলেক্ট্রনিক্স কিছু মালামাল পরিবর্তন করা হলে এটি ব্যবহার যোগ্য হবে। প্রয়োজনীয় প্রাক্কলনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান হয়। উপজেলা নির্বাহী অফিসারের অফিস কক্ষের পাশের রুমটি প্রশাসনিক কর্মকর্তা জন্য নির্ধারিত রয়েছে। দীর্ঘ্যদিন প্রশাসনিক কর্মকর্তা না থাকায় এর রুমটি তালাবদ্ধ রয়েছে এবং বর্তমানে ব্যবহার অযোগ্য হয়ে পরেছে। খুব শীঘ্রই প্রশাসনিক কর্মকর্তা পদায়ন করা হচ্ছে। সেক্ষেত্রে এই রুমটি রং করাসহ বৈদ্যুতিক লাইন মেরামত করা প্রয়োজন। অন্যদিকে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়টির থাইগ্লাস ফিটিং এবং প্যাটানস্টোন প্রয়োজন। পরিষদের জীপ গাড়ী রাখার গেরেজটি ঝরাঝির্ন থাকায় মেরামত করা প্রয়োজন। উপজেলা নির্বাহী অফিসের পুরাতন মালামাল রাখার জন্য একটি গোডাউন রুম রয়েছে। যা | উল্লেখিত কাজগুলো রাজস্ব তহবিলের মাধ্যমে বাস্তবায়নের নিমিত্তে প্রাক্কলন প্রস্তুত করার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | |

| | | | | |
|---|---|---|---|---|
| | | বর্তমানে ঝরাঝির্ন অবস্থায় রয়েছে। যেটি মেরামত করা হলে ব্যবহার করা যেতে পারে। সেক্ষেত্রে রুমটি সংস্কারসহ অন্যান্য অফিসের বাথরুম এবং অফিস কক্ষ ও সংস্কার করা যেতে পারে। উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে তিনটি সিলিং ফ্যান ও অডিটরিয়ামের বিদ্যুতের লাইন জরুরী ভিত্তিতে মেরামত করা হয়েছে। উক্ত বিল পরিশোধ করা প্রয়োজন। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়। | | |
| | | সুবিদখালী ধান বাজার থেকে কপালভেড়া ও লঞ্চ ঘাটের ইজারা দীর্ঘ্য দিন যাবৎ জেলা পরিষদ কর্তৃক প্রদান করে আসছে। ম্যানুয়াল অনুযায়ী আন্তঃজেলার খেয়াঘাটের ইজারা জেলা পরিষদ কর্তৃক প্রদান করবে আর উপজেলার অভ্যন্তরের খেয়া ঘাটের ইজারা উপজেলা পরিষদ কর্তৃক প্রদান করবে। বিভিন্ন সময় জেলা পরিষদকে এ বিষয় অবহিত করার পরেও প্রতি বছর উক্ত খেয়া ঘাটের ইজারা জেলা পরিষদ পটুয়াখালী কর্তৃক প্রদান করে আসছে। এমতাবস্থায় উক্ত বিষয় স্থানীয় সরকার বিভাগে মতামতের জন্য পত্র প্রেরন করা যেতে পারে। | বিস্তারিত আলোচনান্তে সুবিদখালী ধান বাজারের খেয়া ঘাটটির ইজারা প্রদানের প্রশাসনিক ভাবে মতামত চাওয়ার জন্য স্থানীয় সরকার বিভাগে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| | | উপজেলা পরিষদ কমপ্লেক্সের অভ্যন্তরের পুকুরটি সংস্কার করা প্রয়োজন। বিভিন্ন প্রজাতীর মাছ জন্মানোর ফলে মাছ উৎপাদন হচ্ছে না। অপরদিকে উপজেলা পরিষদ চেয়ারম্যান বাস ভবনের সামনে একটি ঘাটলা নির্মানের জন্য পুকুরটি সেচ প্রয়োজন। এমতাবস্থায় পুকুরটি সেচ দিয়ে প্রাপ্ত মাছ উম্মুক্ত ডাকের মাধ্যমে নিলাম দেয়ার প্রস্তাব করা হয়। বিষয়টি সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পুকুরটি সেচ পূর্বক প্রাপ্ত মাছ উম্মুক্ত ডাকের মাধ্যমে নিলাম প্রদান পূর্বক রাজস্ব খাতে অর্থ জমা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সকল সিদ্ধান্ত বাস্তবায়ন করার অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

খান মোঃ আবু বকর সিদ্দিকী
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
মির্জাগঞ্জ, পটুয়াখালী।

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র।

উপজেলা পরিষদ
মির্জাগঞ্জ, পটুয়াখালী

স্মারক নং-০৫.১০.৭৮৭৬.০০২.০৫.০০১.২১-৫০,(৪০)

তারিখ ঃ ২৮-০৪-২০২২খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল ঃ

০১. মাননীয় সংসদ সদস্য, ১১১, পটুয়াখালীন - ১।

০২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।

০৩. জেলা প্রশাসক, পটুয়াখালী।

০৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ,মির্জাগঞ্জ।

০৫. অফিসার ইন-চার্জ, মির্জাগঞ্জ থানা,মির্জাগঞ্জ,পটুয়াখালী।

০৬. উপজেলা.........................................কর্মকর্তা,মির্জাগঞ্জ।

০৭. চেয়ারম্যান.........................................ইউনিয়ন পরিষদ,মির্জাগঞ্জ।

০৮. জনাব ...............................................

০৯. অফিস নথি।

২৮/৪/২২

(মোসাঃ তানিয়া ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
মির্জাগঞ্জ, পটুয়াখালী।
ফোন ঃ ০৪৪২৬-৭৫২০১।

## উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট "ক"

জেষ্ঠ্যতার ক্রমানুসারে নহে।

| ক্র. নং | নাম | পদবী |
|---|---|---|
| ০১ | জনাব মোসা: তানিয়া ফেরদৌস | উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ |
| ০২ | জনাব ডাঃ তেন মং | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ০৩ | জনাব আনোয়ার হোসেন তালুকদার | অফিসার ইনচার্জ, মির্জাগঞ্জ থানা। |
| ০৪ | জনাব আরাফাত হোসেন | উপজেলা কৃষি কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ০৫ | জনাব আজিজুর রহমান (অ.দা.) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, মির্জাগঞ্জ |
| ০৬ | জনাব মোঃ তানজিমুল ইসলাম | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ০৭ | জনাব খোকন চন্দ্র দাস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ০৮ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মির্জাগঞ্জ |
| ০৯ | জনাব মোঃ আমিনুল ইসলাম | উপজেলা সমাজসেবা অফিসার, মির্জাগঞ্জ। |
| ১০ | জনাব মোঃ সোহেল মিয়া | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, মির্জাগগঞ্জ |
| ১১ | জনাব সুনীল কুমার রায় | উপজেলা যুব উন্নয়ন অফিসার, মির্জাগঞ্জ |
| ১২ | জনাব মোঃ রিয়াজুল ইসলাম সোহেল | উপজেলা শিক্ষা অফিসার, মির্জাগঞ্জ |
| ১৩ | জনাব মোঃ নুরুল ইসলাম | উপজেলা সমবায় অফিসার, মির্জাগঞ্জ |
| ১৪ | জনাব মোঃ হানিফ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ১৫ | জনাব মোঃ সাজিদ | উপজেলা আনসসার ও ভি ডি পি অফিসার, মির্জাগঞ্জ |
| | | |
| | অনুপস্থিত কর্মকর্তা "পরিশিষ্ট-খ" | |
| ০১ | জনাব শিরিন সুলতানা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ০২ | জনাব ডা: এসএম হারুন অর রশিদ (অ.দা.) | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মির্জাগঞ্জ |
| ০৩ | জনাব মোঃ শফিকুল ইসলাম | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ০৪ | জনাব মোঃ জাকির হোসেন | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, মির্জাগঞ্জ |
| ০৫ | জনাব ধ্রুব মন্ডল | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক |
| ০৬ | জনাব মোঃ উজ্জল হোসেন | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ, মির্জাগঞ্জ |
| ০৭ | জনাব রুমা আক্তার | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, মির্জাগঞ্জ |
| | | |
| | উপস্থিত উপজেলা পরিষদবর্গ "পরিশিষ্ট - ক" | |
| ০১ | জনাব খান মোঃ আবু বকর সিদ্দিকী | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ। |
| ০২ | জনাব মোঃ জহিরুল ইসলাম (জুয়েল) | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ মির্জাগঞ্জ। |
| ০৩ | জনাব মিসেস হাচিনা বেগম | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ |
| ০৪ | জনাব মোহাম্মদ আনোয়ার হোসেন খান | চেয়ারম্যান, দেউলী সুবিদখালী, ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ |
| ০৫ | জনাব সুলতান আহম্মেদ | চেয়ারম্যান, আমড়াগাছিয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ |
| ০৬ | জনাব মোঃ সহিদুল্লাহ | চেয়ারম্যান, মজিদবাড়িয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ |
| | | |
| | অনুপস্থিত উপজেলা পরিষদবর্গ "পরিশিষ্ট - খ" | |
| ০১ | জনাব মোঃ কাজী মিজানুর রহমান | চেয়ারম্যান, মাধবখালী ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ |
| ০২ | জনাব এ্যাডভোকেট আবুল বাশার নাসির | চেয়ারম্যান, মির্জাগঞ্জ ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ |
| ০৩ | জনাব মোঃ মাহাবুব আলম স্বপন | চেয়ারম্যান, কাকড়াবুনিয়া ইউনিয়ন পরিষদ, মির্জাগঞ্জ |

৫ এপ্রিল/২২ মাসের (৩৮তম) উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভায় উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা

তাং ২৮/০৪/২০২২

| ক্রঃনং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মির্জাগঞ্জ | |
| ০২ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ | (স্বাক্ষর) 28/04/2022 |
| ০৩ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরি. | |
| ০৪ | চেয়ারম্যান, মাধবখালী ইউনিয়ন পরি. | (স্বাক্ষর) ২৮/৪/২২ |
| ০৫ | চেয়ারম্যান, মির্জাগঞ্জ ইউনিয়ন পরি. | (স্বাক্ষর) 28/04/2022 |
| ০৬ | চেয়ারম্যান, আমড়াগাছিয়া ইউনিয়ন পরি. | |
| ০৭ | চেয়ারম্যান, দেউলী সুবিদখালী ইউ. পরি. | |
| ০৮ | চেয়ারম্যান, কাকড়াবুনিয়া ইউনিয়ন পরি. | |
| ০৯ | চেয়ারম্যান, মজিদবাড়ীয়া ইউনিয়ন পরি. | (স্বাক্ষর) 28/4/22 |
| ১০ | | |

| ক্রঃনং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার, মির্জাগঞ্জ | |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা | (স্বাক্ষর) |
| ০৩ | অফিসার ইনচার্জ মির্জাগঞ্জ থানা | (স্বাক্ষর) |
| ০৪ | উপজেলা কৃষি কর্মকর্তা | (স্বাক্ষর) |
| ০৫ | উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা | |
| ০৬ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা (ভা:) | (স্বাক্ষর) |
| ০৭ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | (স্বাক্ষর) ২৮.০৪.২২ |
| ০৮ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | |
| ০৯ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা | |
| ১০ | উপজেলা শিক্ষা অফিসার | (স্বাক্ষর) |
| ১১ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | (স্বাক্ষর) ২৮/৪/২০২২ |
| ১২ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | (স্বাক্ষর) |
| ১৩ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | (স্বাক্ষর) ২৮/০৪/২০২২ |
| ১৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা | (স্বাক্ষর) ২৮/০৪/২০২২ |
| ১৫ | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) | (স্বাক্ষর) |
| ১৬ | উপজেলা সমবায় কর্মকর্তা | (স্বাক্ষর) ২৮.০৪.২২ |
| ১৭ | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা | (স্বাক্ষর) 28.04.2022 |
| ১৮ | উপজেলা [illegible] কর্মকর্তা (বা বিভাগ) | (স্বাক্ষর) ২৮/৪/২২ |
| ১৯ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক | |
| ২০ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | |
| ২১ | উপজেলা পল্লী দারিদ্র বিমোচন কর্ম. | (স্বাক্ষর) ২৮/৪/২২ |
| ২২ | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক | |
| ২৩ | UDF মির্জাগঞ্জ | |
| ২৪ | উপজেলা তথ্য আপা. | (স্বাক্ষর) ২৮/৪/২২ |
| ২৫ | | |